

## ■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৮২

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ৬১. ইমামতির অধিক যোগ্য কে?

بَابُ مَنْ أَحَقُّ بِالْإِمَامَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا شُعْبَةُ، أَخْبَرَنِي إِسْمَاعِيلُ بْنُ رَجَاءٍ، سَمِعْتُ أَوْسَ بْنَ ضَمْعَجَ، يُحَدِّثُ عَنْ أَبِي مَسْعُودِ الْبَدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "يَوْمُ الْقَوْمِ أَقْرَوْهُمْ لِكِتَابِ اللَّهِ وَأَقْدَمُهُمْ قِرَاءَةً فَإِنْ كَانُوا فِي الْقِرَاءَةِ سَوَاءً فَلَيْوَمَهُمْ أَقْدَمُهُمْ هِجْرَةً فَإِنْ كَانُوا فِي الْهِجْرَةِ سَوَاءً فَلَيْوَمَهُمْ أَكْبَرُهُمْ سِنًا وَلَا يُوْمُ الرَّجْلُ فِي بَيْتِهِ وَلَا فِي سُلْطَانِهِ وَلَا يُجْلِسُ عَلَى تَكْرِمَتِهِ إِلَّا بِإِذْنِهِ" .

صحيح : م

قَالَ شُعْبَةُ فَقُلْتُ لِإِسْمَاعِيلَ مَا تَكْرِمَتُهُ قَالَ فِرَاسُهُ

বাংলা

৫৮২। আবু মাসউদ আল-বাদরী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর কিতাব সম্পর্কে সবচেয়ে অভিজ্ঞ ও কিরাআতে অধিক পারদর্শী ব্যক্তি লোকদের ইমামতি করবে। কিরাআতের দিক থেকে সকলে সমান হলে ইমামতি করবে ঐ ব্যক্তি, যে সবার আগে হিজরত করেছে। হিজরতের দিক থেকে যদি সবাই সমান হলে সবচেয়ে বয়োজ্ঞ ব্যক্তি ইমামতি করবে। কেউ যেন অনুমতি ছাড়া কারো বাড়িতে, কারো প্রভাবাধীন এলাকায় ইমামতি না করে এবং অনুমতি ছাড়া কারো সংরক্ষিত আসনে না বসে। [1]

সহীহ : মুসলিম।

শু'বাহ বলেন, আমি ইসমাইলকে বললাম, 'সংরক্ষিত আসন' অর্থ কি? তিনি বললেন, 'তার বিছানা'।

## English

Abu Mas'ud al-Badri reported the Messenger of Allah (ﷺ) as saying:  
The one of you who is most versed in the Books of Allah should act as imam for the people; and the one who is the earliest of them in reciting (the Qur'an); if they are equally versed in reciting it, then the earliest of them to emigrate (to Medina); if they emigrated at the same time, then the oldest of them. No man must lead another in prayer in his house (i.e. in the house of a latter) or where the latter has authority, or sit in his place of honor without his permission. Shu'bah said: I asked Isma'il: what is the meaning of his place of honor? He replied: his throne.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ কে ইমাম হওয়ার অধিক হক্কদার), তিরমিয়ী (অধ্যায়ঃ সালাত, অনুঃ কে ইমাম হওয়ার অধিক হক্কদার, হাঃ ২৩৫), নাসায়ী (অধ্যায়ঃ ইমামাত, অনুঃ কে ইমাম হওয়ার অধিক হক্কদার, হাঃ ৭৭৯), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ কে ইমাম হওয়ার অধিক হক্কদার, হাঃ ৯৮০), সকলেই ইসমাইল সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পারলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57900>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন